# জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
গাজীপুর।

স্মারক নং- (০-৫)/জাতীঃবিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৩৬১ তারিখঃ ০৭/১০/২০১৮খ্রিঃ

## পরীক্ষা বিভাগ কর্তৃক অনলাইন সেবার নাম ও প্রয়োজনীয় সংযুক্তির বিবরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, পরীক্ষা বিভাগের নিম্নলিখিত সেবাসমূহ আগামী ১০/১০/২০১৮ তারিখ হতে অনলাইনে প্রদান করা হবে। সাময়িক সনদপত্র/নম্বরপত্র, মূল সনদপত্র, মূল সনদপত্র (দ্বি-নকল), ট্রান্সক্রিপ্ট (১ম বার), ট্রান্সক্রিপ্ট (২য় কপি), সাময়িক সনদপত্র/মূল সনদপত্র বাংলা থেকে ইংরেজী অনুবাদকরণ, নম্বরপত্র বাংলা থেকে ইংরেজী অনুবাদকরণ, প্রবেশপত্র/দ্বি-নকল প্রবেশপত্র বাংলা থেকে ইংরেজী অনুবাদকরণ, দ্বি-নকল (সনদপত্র/নম্বরপত্র/প্রবেশপত্র), প্রবেশপত্রে কোর্স সংশোধন, সত্যায়ন, এমফিল এর মূল সনদপত্র, পিএইচ.ডি এর মূল সনদপত্র, এমফিল/পিএইচ.ডি এর ট্রান্সক্রিপ্ট, প্রবেশপত্র, নম্বরপত্র ও সনদপত্রে নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ ও অন্যান্য সংশোধন এবং বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত একাডেমিক ডকুমেন্ট (সনদপত্র/নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট) যাচাইয়ের আবেদন অনলাইনে করতে হবে। <u>অনলাইন সেবা চালুর পর পূর্বের ন্যায় বিশ্ববিদ্যালয়ে এসে আবেদন জমাদানের আর কোন সুযোগ থাকবে না।</u> বিভিন্ন সেবা গ্রহণের জন্য অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত ফি সোনালী ব্যাংকের যে কোন শাখায় সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। আবেদনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব লিংক www.nu.ac.bd এ প্রবেশ করে Services মেনু থেকে Student Login এ ক্লিক করতে হবে অথবা সরাসরি http://services.nu.edu.bd/nu-app লিংকে প্রবেশ করতে হবে। অনলাইনে উক্ত সেবা গ্রহণের জন্য Student Login পেইজের নির্দেশিকা ভালভাবে দেখে আবেদন করার জন্য বলা হলো। প্রতিটি সেবার জন্য যে সকল ডকুমেন্ট সংযুক্ত (স্ক্যান করে) এবং ফি প্রদান করতে হবে তার তালিকা নিম্নে দেয়া হলো।

| ক্রঃ নং | সেবার নাম | প্রয়োজনীয় সংযুক্তি সমূহ |
|---|---|---|
| ১. | সাময়িক সনদপত্র/নম্বরপত্র | ১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। প্রবেশপত্র।<br>৪। ফি ৩০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ সাময়িক সনদ প্রতিটির জন্য। |
| ২. | মূল সনদপত্র | ১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। প্রবেশপত্র।<br>৪। নম্বরপত্র।<br>৫। সাময়িক সনদপত্র (মূল সনদপত্র গ্রহণের সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্র ফেরত দিতে হবে)।<br>৬। শুধুমাত্র ২০০০ সাল বা এর পূর্বে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য।<br>৭। ফি ৫০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ মূল সনদপত্র প্রতিটির জন্য। |
| ৩. | মূল সনদপত্র (দ্বি-নকল) | ১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। প্রবেশপত্র।<br>৪। নম্বরপত্র।<br>৫। থানার জিডি।<br>৬। হারানো বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকা।<br>৭। মূল সনদপত্র (দ্বি-নকল) গ্রহণের সময় থানার জিডি ও হারানো বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকা (মূল কপি) জমা দিতে হবে।<br>৮। ফি ১,০০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ মূল সনদপত্র (দ্বি-নকল) |

| ক্রঃ নং | সেবার নাম | প্রয়োজনীয় সংযুক্তি সমূহ |
|---|---|---|
| | | প্রতিটির জন্য । |
| ৪. | ট্রান্সক্রিপ্ট (১ম বার) | ১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। প্রত্যেক বর্ষের প্রবেশপত্র।<br>৪। নম্বরপত্র।<br>৫। সনদপত্র।<br>৬। ফি ৭০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ ট্রান্সক্রিপ্ট (১ম বার) প্রতিটির জন্য। |
| ৫. | ট্রান্সক্রিপ্ট (২য় কপি) | ১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। প্রত্যেক বর্ষের প্রবেশপত্র।<br>৪। নম্বরপত্র।<br>৫। সনদপত্র।<br>৬। ফি ৪০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ ট্রান্সক্রিপ্ট (২য় কপি) প্রতিটির জন্য। |
| ৬. | সাময়িক সনদপত্র/<br>মূল সনদপত্র<br>বাংলা থেকে ইংরেজী<br>অনুবাদকরণ | ১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। শেষ বর্ষের প্রবেশপত্র।<br>৪। নম্বরপত্র।<br>৫। বাংলা সাময়িক সনদপত্র/মূল সনদপত্র।<br>৬। ইংরেজী সাময়িক সনদপত্র/মূল সনদপত্র গ্রহণের সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত বাংলা সাময়িক সনদপত্র/মূল সনদপত্র ফেরত দিতে হবে।<br>৭। ফি ৫০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ ইংরেজী অনুবাদকরণ সাময়িক সনদপত্র/মূল সনদপত্র প্রতিটির জন্য। |
| ৭. | নম্বরপত্র<br>বাংলা থেকে ইংরেজী<br>অনুবাদকরণ | ১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। শেষ বর্ষের প্রবেশপত্র।<br>৪। বাংলা নম্বরপত্র।<br>৫। সনদপত্র।<br>৬। ইংরেজী অনুবাদকৃত নম্বরপত্র গ্রহণের সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত বাংলা নম্বরপত্র ফেরত দিতে হবে।<br>৭। ফি ৫০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ ইংরেজী অনুবাদকরণ নম্বরপত্র প্রতিটির জন্য। |
| ৮. | প্রবেশপত্র/দ্বি-নকল প্রবেশপত্র<br>বাংলা থেকে ইংরেজী<br>অনুবাদকরণ | ১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। সংশ্লিষ্ট বর্ষের বাংলা প্রবেশপত্র/ দ্বি-নকল প্রবেশপত্র।<br>৪। নম্বরপত্র।<br>৫। ইংরেজী অনুবাদকৃত প্রবেশপত্র/দ্বি-নকল প্রবেশপত্র গ্রহণের সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত বাংলা প্রবেশপত্র/দ্বি-নকল প্রবেশপত্র ফেরত দিতে হবে।<br>৬। ফি ৫০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ ইংরেজী অনুবাদকরণ প্রবেশপত্র/দ্বি-নকল প্রবেশপত্র প্রতিটির জন্য । |
| ৯. | দ্বি-নকল (সনদপত্র/নম্বরপত্র/<br>প্রবেশপত্র) | ১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। প্রবেশপত্র/নম্বরপত্র।<br>৪। থানার জিডি। |

| ক্রঃ নং | সেবার নাম | প্রয়োজনীয় সংযুক্তি সমূহ |
|---|---|---|
| | | ৫। হারানো বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকা।<br>৬। দ্বি-নকল (সনদপত্র/নম্বরপত্র/ প্রবেশপত্র) গ্রহণের সময় থানার জিডি ও হারানো বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকা (মূল কপি) জমা দিতে হবে।<br>৭। ফি ৫০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ দ্বি-নকল (সনদপত্র/নম্বরপত্র/প্রবেশপত্র) প্রতিটির জন্য। |
| ১০. | প্রবেশপত্রে কোর্স সংশোধন | ১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। সংশ্লিষ্ট প্রবেশপত্র।<br>৪। সংশোধিত প্রবেশপত্র গ্রহণের সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত পূর্বের প্রবেশপত্র ফেরত দিতে হবে।<br>৫। ফি ৭০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ প্রবেশপত্রে কোর্স সংশোধন প্রতিটির জন্য। |
| ১১. | সত্যায়ন | ১। লিখিত আবেদন পত্রসহ যে সকল ডকুমেন্ট সত্যায়ন প্রয়োজন তার ০২ সেট।<br>২। সংশ্লিষ্ট ডকুমেন্ট এর মূল কপি সত্যায়ন কপি গ্রহণের সময় দেখাতে হবে।<br>৩। ফি ৩০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ ডকুমেন্ট সত্যায়ন ও যাচাই প্রতিটির জন্য এবং ফি ১০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ সত্যায়ন প্রতিটির জন্য। |
| ১২. | এমফিল এর মূল সনদপত্র | ১। সংশ্লিষ্ট ডিন এর সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। প্রবেশপত্র।<br>৪। একাডেমিক কাউন্সিল সভার কার্যবিবরণী (সংশ্লিষ্ট ডিন কর্তৃক সত্যায়িত)।<br>৫। টেবুলেশন শিটের কপি (সংশ্লিষ্ট ডিন কর্তৃক সত্যায়িত)।<br>৬। ফি ১২০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ এমফিল এর মূল সনদপত্র প্রতিটির জন্য। |
| ১৩. | পিএইচ.ডি এর মূল সনদপত্র | ১। সংশ্লিষ্ট ডিন এর সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। প্রবেশপত্র।<br>৪। একাডেমিক কাউন্সিল সভার কার্যবিবরণী (সংশ্লিষ্ট ডিন কর্তৃক সত্যায়িত)।<br>৫। টেবুলেশন শিটের কপি (সংশ্লিষ্ট ডিন কর্তৃক সত্যায়িত)।<br>৬। ফি ১৫০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ পিএইচ.ডি এর মূল সনদপত্র প্রতিটির জন্য। |
| ১৪. | এমফিল/পিএইচ.ডি এর ট্রান্সক্রিপ্ট | ১। সংশ্লিষ্ট ডিন এর সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। রেজিস্ট্রেশন কার্ড।<br>৩। প্রবেশপত্র।<br>৪। একাডেমিক কাউন্সিল সভার কার্যবিবরণী (সংশ্লিষ্ট ডিন কর্তৃক সত্যায়িত)।<br>৫। টেবুলেশন শিটের কপি (সংশ্লিষ্ট ডিন কর্তৃক সত্যায়িত)।<br>৬। ফি ৭০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ এমফিল/পিএইচ.ডি এর ট্রান্সক্রিপ্ট প্রতিটির জন্য। |
| ১৫. | প্রবেশপত্র, নম্বরপত্র ও সনদপত্রে নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ ও অন্যান্য সংশোধন | ১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)।<br>২। থানার জিডি।<br>৩। সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত এভিডেবিট (ধর্মান্তরিত হলে)।<br>৪। সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড।<br>৫। প্রবেশপত্র, নম্বরপত্র ও সনদপত্র।<br>৬। এস.এস.সি ও এইচ.এস.সি সনদপত্র (সংশোধিত)।<br>৭। বোর্ড কর্তৃক নাম সংশোধনের পত্র (ধর্মান্তরিত হলে)। |

| ক্রঃ নং | সেবার নাম | প্রয়োজনীয় সংযুক্তি সমূহ |
|---|---|---|
| | | ৮। জাতীয় পরিচয়পত্র।<br>৯। সংশোধিত প্রবেশপত্র, নম্বরপত্র ও সনদপত্র গ্রহণের সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত পূর্বের প্রবেশপত্র, নম্বরপত্র ও সনদপত্র ফেরত দিতে হবে।<br>১০। ফি ১৫০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ প্রবেশপত্র, নম্বরপত্র ও সনদপত্রের জন্য। |
| ১৬. | বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত একাডেমিক ডকুমেন্ট (সনদপত্র/নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট) যাচাই। | ১। প্রতিষ্ঠান কর্তৃক আবেদন পত্রসহ যে সকল ডকুমেন্ট (সনদপত্র/নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট) যাচাই প্রয়োজন ।<br>২। ফি ৩০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ সনদপত্র/নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট প্রতিটির জন্য। |

চাহিদা মোতাবেক আবেদনে প্রয়োজনীয় ডকুমেন্ট/তথ্যাদি প্রদান না করলে আবেদন অসম্পূর্ণ বলে বিবেচিত হবে তথা তাকে সেবা প্রদান করা যাবে না। আবেদন প্রক্রিয়া সম্পন্ন হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত পদক্ষেপ অর্থাৎ আবেদনের সর্বশেষ অবস্থা Student Login-এ দেখা যাবে। সার্ভিস সম্পন্ন হলে Student Login এবং SMS এর মাধ্যমে জানানো হবে। সার্ভিস গ্রহণকালে মূল আবেদনপত্র (সংযুক্তিসহ), মূল প্রবেশপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ড, মূল নম্বরপত্র, মূল সাময়িক/মূল সনদপত্র, NID, পে-স্লিপের মূল কপি সঙ্গে আনতে হবে। ধর্মান্তরিত হলে বোর্ড কর্তৃক নাম সংশোধনের পত্র এবং এস.এস.সি ও এইচ.এস.সি পাশের সংশোধিত মূল সনদপত্র দেখাতে হবে। **সার্ভিস সকাল ৯:০০টা থেকে বিকাল ৪:০০টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়ান স্টপ সার্ভিস সেন্টার থেকে সরবরাহ করা হবে।** শিক্ষার্থী অন্য কারো মাধ্যমে ডকুমেন্ট সংগ্রহ করতে চাইলে অবশ্যই প্রাধীকারপত্র দিতে হবে। **অধ্যক্ষের অগ্রায়ন ছাড়া কোন আবেদন গ্রহণ করা হবে না।** আবেদন ফরম www.nu.ac.bd/download-form-instruction.php লিংকে প্রবেশ করলে পাওয়া যাবে।

বিঃ দ্রঃ **একাডেমিক রেকর্ড রিকয়েস্ট ফরম পূরণ ও সিল্ড খাম সেবা নিতে আগ্রহীদেরকে আবেদন ও প্রয়োজনীয় সংযুক্তিসহ (১। লিখিত আবেদন পত্রসহ যে সকল সত্যায়নকৃত ডকুমেন্ট সংযুক্ত হবে। ২। একাডেমিক রেকর্ড রিকয়েস্ট ফরম। ৩। সনদপত্র/নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট। ৪। প্রাপকের নাম ও ঠিকানা। ৫। ফি ৮০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ একাডেমিক রেকর্ড রিকয়েস্ট ফরম প্রতিটির জন্য এবং ২০০/- প্রদানের সোনালী সেবা পে-স্লিপ সিল্ড খাম প্রতিটির জন্য।) বিশ্ববিদ্যালয়ে এসে ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে জমা দিয়ে সেবা নিতে বলা হলো।**

এ ব্যাপারে সকলের সহযোগিতা একান্ত কাম্য।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোনঃ ০২-৯২৯১০১৭, ফ্যাক্সঃ ০২-৯২৯১০৪৪
ই-মেইলঃ controller@nu.edu.bd